

🗏 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪:৫

💵 আরবি মূল আয়াত:

وَ اَذِنَت لِرَبِّهَا وَ حُقَّت ؟ ﴿۵﴾

🗚 অনুবাদসমূহ:

আর তার রবের নির্দেশ পালন করবে এবং এটাই তার করণীয়। — আল-বায়ান এবং স্বীয় রব-এর নির্দেশ পালন করবে আর তাই তার করণীয়। — তাইসিরুল

এবং তার রবের আদেশ পালন করবে, আর ওকে তদুপযোগী করা হবে (তখন তোমরা পুনরুত্থিত হবেই)। — মুজিবুর রহমান

And has responded to its Lord and was obligated [to do so] - — Sahih International

- ৫. এবং তার রবের আদেশ পালন করবে এটাই তার করণীয়।(১)
 - (১) যখন এসব ঘটনাবলী ঘটবে তখন কি হবে, একথা পরিষ্কার করে বলা হয়নি। কারণ এ পরবর্তী বক্তব্যগুলো নিজে নিজেই তা প্রকাশ করে দিচ্ছে। এ বক্তব্যগুলোতে বলা হচ্ছেঃ হে মানুষ! তুমি তোমার রবের দিকে এগিয়ে চলছে। শীঘ্র তাঁর সামনে হাযির হয়ে যাবে। তখন তোমার আমলনামা তোমার হাতে দেয়া হবে। আর তোমার আমলনামা অনুযায়ী তোমাকে পুরস্কার দেয়া হবে। [কুরতুবী] সুতরাং উপরোক্ত ঘটনাবলী ঘটলে কি হবে তা সহজেই বুঝা যায় যে, মানুষ তখন পুনরুখিত হবে। তখন পুনরুখানের ব্যাপারে কেউ সন্দেহ পোষণ করবে না। কারণ বাস্তবতা যখন এসে যাবে তখন সন্দেহ করার আর সুযোগ কোথায়?

তাফসীরে জাকারিয়া

- ৫। এবং তার প্রতিপালকের আদেশে কর্ণপাত করবে।[1] আর এটিই তার কর্তব্য।
 - [1] অর্থাৎ, তাকে বের করে এবং খালি করে দেওয়ার যে আদেশ করা হবে, তা সে শ্রবণ ও পালন করবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5889

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন